

সেন্টার ফর অ্যাডভান্সড রিসার্চ ইন
আর্টস অ্যান্ড সোশ্যাল সায়েন্সেস
টিএসসি কম্পাউন্ড, ঢাকা বিশ্ববিদ্যালয়,
ঢাকা-১০০০, বাংলাদেশ
ফোন: ৮৮-০৯৬৬৬৯১১৪৬৩, এক্স. ৪৬৪৫/৪৬৪৬ (অ)
ফ্যাক্স: ৮৮০-২-৫৫১৬৭৮১০, ই-মেইল: carass@du.ac.bd
ওয়েবসাইট: <https://www.du.ac.bd/profile/303>



Center for Advanced Research in
Arts and Social Sciences (CARASS)
TSC Compound, University of Dhaka,
Dhaka-1000, Bangladesh
Phone: 88-09666911463, Ext.4645/4646(off)
Fax: 880-2-55167810, E-mail: carass@du.ac.bd
Website: <https://www.du.ac.bd/profile/303>

সূত্র: সিএআরএএসএস/২০২৬/

তারিখ: ২৯ বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ

১২ মে ২০২৬ খ্রিস্টাব্দ

এ. কে. এম. আব্দুল হামিদ ও বেগম সেলিমা জাহান আরক গবেষণা বৃত্তি : ২০২৫ দরখাস্ত আহ্বান

এ. কে. এম. আব্দুল হামিদ ও বেগম সেলিমা জাহান আরক গবেষণা বৃত্তি তহবিল থেকে বৃত্তি প্রদানের লক্ষ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের কলা ও সামাজিক বিজ্ঞান অনুষদের বিভিন্ন বিভাগে যারা পিএইচডি পর্যায়ে গবেষণায় নিয়োজিত তাদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

এই গবেষণা বৃত্তির জন্য আগ্রহী প্রার্থীকে স্ব স্ব সুপারভাইজার ও সংশ্লিষ্ট অনুষদের (কলা ও সামাজিক বিজ্ঞান) ডিনের সুপারিশক্রমে পরিচালক, উচ্চতর মানবিক ও সামাজিক বিজ্ঞান গবেষণা কেন্দ্র (CARASS), টিএসসি কম্পাউন্ড, ঢাকা বিশ্ববিদ্যালয় বরাবর আগামী ২১-০৬-২০২৬ তারিখের মধ্যে আবেদনপত্র জমা দেওয়ার বিষয়ে অবহিত করার জন্য অনুরোধ করা হল। আবেদনপত্রের সাথে প্রার্থীর জীবন-বৃত্তান্ত, ০১(এক) কপি ছবি, বিভাগীয় একাডেমিক কমিটিতে উত্থাপিত একটি পিএইচডি সেমিনার প্রদান সংক্রান্ত চেয়ারম্যান কর্তৃক প্রত্যয়ন পত্র এবং গবেষণা প্রস্তাবনা/গবেষণা কর্মের বিষয়বস্তু (সর্বোচ্চ ০২ পৃষ্ঠার মধ্যে) সহ প্রয়োজনীয় কাগজ সংযুক্ত করতে হবে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের কলা ও সামাজিক বিজ্ঞান অনুষদভুক্ত যে কোনো বিভাগের অধীনে পিএইচ.ডি. পর্যায়ে গবেষণারত প্রার্থী যারা বিভাগীয় একাডেমিক কমিটিতে কমপক্ষে একটি পিএইচডি সেমিনার প্রদান করেছেন তারা এই বৃত্তির জন্য আবেদন করতে পারবেন। কলা ও সামাজিক বিজ্ঞান অনুষদ থেকে ০১ (এক) জন করে দুই অনুষদের ০২ (দুই) জন পিএইচ.ডি. গবেষককে এই বৃত্তি প্রদান করা হবে।

কমিটি কর্তৃক বাছাইকৃত প্রত্যেক গবেষক ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা (দুই কিস্তিতে পরিশোধযোগ্য) গবেষণা বৃত্তি পাবেন। প্রথম কিস্তির (৫০%) টাকা পরিশোধের পর সংশ্লিষ্ট তত্ত্বাবধায়কের সুপারিশক্রমে দ্বিতীয় কিস্তির (অবশিষ্ট ৫০%) টাকা ২য় সেমিনার সম্পন্ন করার পর পরিশোধ করা হবে।

স্বা/-
(অধ্যাপক ড. এম এ কাউসার)
পরিচালক

মেমো নং সিএআরএএসএস/২০২৬/৩৩-সি

তারিখ: ২৯ বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ
১২ মে ২০২৬ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):-

১. ডিন, কলা অনুষদ/সামাজিক বিজ্ঞান অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়।
২. সকল বিভাগের চেয়ারম্যান (কলা/সামাজিক বিজ্ঞান অনুষদভুক্ত), ঢাকা বিশ্ববিদ্যালয়।
৩. পরিচালক, আইসিটি সেল, ঢাকা বিশ্ববিদ্যালয় (বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে বিজ্ঞপ্তি প্রকাশের জন্য অনুরোধ)।
৪. উপ-রেজিস্ট্রার (শিক্ষা-৪), ঢাকা বিশ্ববিদ্যালয়।
৫. সচিব মহোদয়, কোষাধ্যক্ষের দপ্তর, ঢাকা বিশ্ববিদ্যালয় (মাননীয় কোষাধ্যক্ষ মহোদয়ের অবগতির জন্য)।
৬. অফিস কপি।